**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সরকার জনজাতিদের সামগ্রিক উন্নয়নের বিষয়ে আন্তরিক।**

**২) প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বাল্য বিবাহ প্রতিরোধের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেছেন |**

**৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ পশ্চিমবঙ্গের নদীয়া জেলার কল্যাণীতে অবস্থিত অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেসের সমাবর্তনের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেন।**

**৪) লোকসভা আগামী ১৩ই আগস্ট থেকে কার্যকরভাবে আরও ছয় মাসের জন্য মণিপুরে রাষ্ট্রপতি শাসনের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আইনগত প্রস্তাব অনুমোদন করেছে।**

**৫) ৬৪ তম রাজ্যভিত্তিক সুব্রত মুখার্জি ক্লাবের ফাইনালে অনূর্ধ্ব ১৭ বছরের বালিকা বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে ত্রিপুরা স্পোর্টস স্কুল।**

**********************************************

**Cm Meet With Samajpoti :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সরকার জনজাতিদের সামগ্রিক উন্নয়নের বিষয়ে আন্তরিক। আজ আগরতলায় মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে

রাজ্যের বিভিন্ন জনজাতি সম্প্রদায়ের সমাজপতিদের এক প্রতিনিধিদলের সঙ্গে আলোচনাকালে তিনি একথা বলেন | সাক্ষাৎকারকালে সমাজপতিগণ জনজাতিদের কাস্টমারি ল, বিভিন্ন মন্দিরের উন্নয়ন সহ নানাবিধ বিষয়ে মুখ্যমন্ত্রীকে অবহিত করেন এবং তাদের দাবিদাওয়া তুলে ধরেন। সমাজপতিদের উন্নতির বিষয়টিও সরকারের দৃষ্টিগোচরে রয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

তিনি আরও বলেন, জম্পুইহিলের বেতলিংশিব বিষয়ে মিজোরাম রাজ্যের সঙ্গে যে সমস্যা চলছে সে সম্পর্কে কেন্দ্রীয় সরকারকে ইতিমধ্যেই জানানো হয়েছে। এ বিষয়ে মিজোরামের মুখ্যমন্ত্রীর সঙ্গেও কথা হয়েছে। ত্রিপুরী, মগ, মুড়াসিং ও রিয়াং জনজাতি সম্প্রদায়ের সমাজপতিদের প্রতিনিধিদল এই সাক্ষাৎকারে উপস্থিত ছিলেন।

************************

**Minister Sudhangshu Das :           .**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বাল্য বিবাহ প্রতিরোধের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেছেন | ফটিকরায়ের নজরুল কলাকেন্দ্রে আজ বাল্যবিবাহ প্রতিরোধের বিষয়ে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন, ছেলে-মেয়েদের ভবিষ্যৎ সুন্দর ও উজ্জ্বল করে তুলতে বাল্যবিবাহ পরিহার করতে হবে। সামাজিক এই ব্যাধির বিরুদ্ধে এবং বাল্যবিবাহের কুফল সম্পর্কে ব্যাপক প্রচার করতে হবে |

বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার পুলিশ সুপার সুধাম্বিকা আর, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা, আইনজীবী পাঞ্চালি পালিত প্রমুখ।

*********************

**ANTI HUMAN TRAFFICKING DAY :**

আজ আন্তর্জাতিক মানব পাচার বিরোধী দিবস। অনেক আর্থ-সামাজিক কারণের সঙ্গে দেশের সার্বভৌমত্ব, নিরাপত্তা ও শান্তি শৃঙ্খলার জন্য অবৈধ মানব পাচারের প্রবণতা বিশাল হুমকি। রাজ্যের আরক্ষা প্রশাসনও নিরন্তর এই প্রবণতা কমিয়ে আনতে নজরদারি, নিরাপত্তা সংস্থাগুলির সমন্বয় এবং 'প্রয়াস' কর্মসূচির আওতায় সীমান্তবর্তী স্থানে সাধারণ মানুষের সহযোগিতার ব্যাপারে সচেতনতার কর্মসূচি চালিয়ে যাচ্ছে। একটি প্রতিবেদন।

**V /O**

**************************************

**Mukhyomontri somipeshu-50th episode :**

মুখ্যমন্ত্রী সমীপেষুর আজ ৫০ তম পর্ব অনুষ্ঠিত হয়। এই উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, জনগণের সেবায় সমর্পিত এই কর্মসূচির ৫০তম সংস্করণ অন্যতম মাইলফলক। তিনি আজকের কর্মসূচিতেও বিভিন্ন প্রান্ত থেকে আসা জনসাধারনের অভাব অভিযোগের কথা শোনেন ও সমস্যা নিরসনে অধিকারিকদের নির্দেশ দেন।

***********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

**************************

**President, West Bengal :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ পশ্চিমবঙ্গের নদীয়া জেলার কল্যাণীতে অবস্থিত অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেসের সমাবর্তনের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেন। রাষ্ট্রপতি ৪৮ জন এমবিবিএস স্নাতক এবং ৯ জন পোস্ট-ডক্টরাল সার্টিফিকেট কোর্স স্কলারকে ডিগ্রি প্রদান করেন। চৈতন্য মহাপ্রভু, নীল দর্পণের লেখক দীনবন্ধু মিত্র, স্বাধীনতা সংগ্রামী বাঘা যতীন, কল্যাণীর পরিকল্পনাকারী ও প্রতিষ্ঠাতা এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী ডঃ বিধান চন্দ্র রায়ের কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, কল্যাণী অনেক মহান ব্যক্তিত্বের জন্ম দিয়েছে

এবং এইমসকে সেই উত্তরাধিকার ধরে রাখতে হবে। তিনি রোগীদের সেবায় চিকিৎসকদের দায়িত্ব সম্পর্কে কিছু সুনির্দিস্ট পরামর্শ দেন৷

#### Rashtrapati #####

এই অনুষ্ঠানে পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডঃ সিভি আনন্দ বোস, কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব ভট্টাচার্য এবং এইমস কল্যাণীর নির্বাহী পরিচালক ডঃ রামজি সিং সহ বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

************************

**Manipur :**

লোকসভা আগামী ১৩ই আগস্ট থেকে কার্যকরভাবে আরও ছয় মাসের জন্য মণিপুরে রাষ্ট্রপতি শাসনের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আইনগত প্রস্তাব অনুমোদন করেছে। স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই মণিপুরে আরোপিত রাষ্ট্রপতি শাসনের মেয়াদ বৃদ্ধির জন্য সংসদের অনুমোদন চেয়ে প্রস্তাবটি উত্থাপন করেন। প্রস্তাবের উপর আলোচনার জবাবে শ্রী রাই বলেন যে গত আট মাসে কেবলমাত্র একটি সহিংসতার ঘটনায় একজন ব্যক্তি প্রাণ হারিয়েছেন। তিনি বলেন, গত চার মাসে মণিপুরে একটিও সহিংসতার ঘটনা ঘটেনি। সবার কাজ শেষ হওয়ার পর, নিম্নকক্ষ দিনের জন্য মুলতবি করা হয়।

********************

**Rajya sabha :     1**

রাজ্যসভায় আজ পহেলগামে সন্ত্রাসী হামলার প্রতিক্রিয়ায় ভারতের শক্তিশালী, সফল এবং নির্ণায়ক অপারেশন সিন্দুর নিয়ে পুনরায় আলোচনা হয় | শেষ খবর পাওয়া পর্যন্ত স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বিতর্কের জবাব দিচ্ছেন | তবে বিরোধীরা প্রধানমন্ত্রীর কাছ থেকে জবাবের দাবি জানান | আজ আলোচনায় অংশ নিয়ে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর অপারেশন সিন্দুর বন্ধের মধ্যস্থতার দাবি অস্বীকার করে বলেন যে, এই বছরের ২২শে এপ্রিল থেকে ১৬ই জুন পর্যন্ত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের মধ্যে ফোনে কোনও কথা হয়নি। তিনি বলেন, কোনও বিশ্বনেতা ভারতকে তাদের অভিযান বন্ধ করতে বলেননি।

আলোচনায় অংশগ্রহণ নিয়ে রাজ্যসভার সংসদ নেতা জেপি নাড্ডা পহেলগাম সন্ত্রাসী হামলার নিন্দা করেন। তিনি উল্লেখ করেন যে  সরকার এ বিষয়ে অত্যন্ত সংবেদনশীল।

**********************

**NISAR :**

শ্রীহরিকোটা থেকে আজ নাসা- ইসরো সিন্থেটিক অ্যাপারচার রাডার NISAR, স্যাটেলাইট সফলভাবে উৎক্ষেপণ করা হয়েছে। ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা, ইসরো, সামাজিক মাধ্যম 'X'-এ জানিয়েছে যে, অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে GSLV-F16 রকেটে করে উৎক্ষেপণটি করা হয়েছে।

NISAR হল NASA এবং ISRO-এর একটি যৌথ অভিযান যার লক্ষ্য পৃথিবীর স্থলভাগ এবং বরফের উপরিভাগ অধ্যয়ন করা। NISAR প্রতি ১২ দিন অন্তর

বিশ্বব্যাপী ভূমি এবং বরফ আচ্ছাদিত পৃষ্ঠের ছবি তুলবে, যার মধ্যে রয়েছে দ্বীপ, সমুদ্র-বরফ এবং নির্বাচিত মহাসাগর।

NISAR -এর সফল উৎক্ষেপনের জন্য কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ড: জিতেন্দ্র সিং সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানান |

*********************

**Minnow Spreaded :**

ভারত সরকারের "প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা"র অধীনে কৈলাশহর মহকুমার বিভিন্ন স্থানে মৎস্য দপ্তর থেকে আজ মাছের পোনা ছাড়া হয়। মূলত নদী ও সমবায় পরিচালিত বড় জলাশয়গুলোতে মাছের বংশবৃদ্ধির লক্ষ্যে আজ ৭0 হাজার মাছের পোনা ছাড়া হয় |

কৈলাশহরের বিলাসপুরের পেঁচারডহর জলাশয়ে মাছের পোনা ছাড়া কর্মসূচিতে উপস্থিত ছিলেন, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস | তিনি আকাশবাণী'কে দেওয়া এক সাক্ষাৎকারে জানান, মাছের উৎপাদন বাড়াতে রাজ্যে বহুমুখী প্রয়াস নিয়েছে সরকার।

মৎস্য দপ্তরের পক্ষ থেকে আজ সাব্রুমের মনুবনকুলে মনু নদীতে ১ লক্ষ মাছের পোনা ছাড়া হয় | উপস্থিত ছিলেন দক্ষিন জেলার জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত |

**********************

## Tripura Left Front  seat in :

বামফ্রন্ট ত্রিপুরা রাজ্য কমিটির উদ্যোগে আজ আগরতলার ওরিয়েন্ট চৌমুহনীতে তিন ঘন্টার গণঅবস্থান ধর্মঘট পালন করা হয়। গণঅবস্থানে রাজ্যে বর্ধিত বিদ্যুৎ মাশুল প্রত্যাহার করা, ডেয়ারীর দুধের বর্ধিত দাম প্রত্যাহার করা, বিদ্যুৎ- র স্মার্ট মিটার ব্যবস্থা বাতিল করা, বর্ধিত জলকর প্রত্যাহার করা, পিএনজির বর্ধিত দাম প্রত্যাহার করা ইত্যাদি দাবিগুলোর সমর্থনে বামফ্রন্ট নেতৃবৃন্দ বক্তব্য রাখেন | বক্তাদের মধ্যে ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, সিপিএম রাজ্য সম্পাদক ও বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, বামফ্রন্ট আহ্বায়ক মানিক দে, সিপিআই রাজ্য সম্পাদক মিলন বৈদ্য, আর এস পি নেতা জয়গোবিন্দ দেবরায়, ফরওয়ার্ড ব্লক নেতা রঘুনাথ সরকার প্রমুখ।

************************

## Blood Donation :

উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে আজ ধর্মনগরে জেলাশাসকের কার্যালয়ে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির এবং রক্তদান শিবিরের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা নাথ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরার জেলাশাসক চাঁদনী চন্দন, জেলা পুলিশ সুপার অভিনাশ রাই, অতিরিক্ত জেলাশাসক বিজয় সিনহা, ধর্মনগরের মহকুমা শাসক সঞ্জীব দেবনাথ সহ জেলা ও মহকুমা স্তরের বিভিন্ন প্রশাসনিক আধিকারিকগণ ।শিবিরে মোট ৮৫ জনের চক্ষু পরীক্ষা করা হয় এবং ১০২ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

***********************

**State Level Subrato Cup Football :**

৬৪ তম রাজ্যভিত্তিক সুব্রত মুখার্জি ফাইনালে অনূর্ধ্ব ১৭ বছরের বালিকা বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে ত্রিপুরা স্পোর্টস স্কুল। আজ অমরপুর চন্ডিবাড়ি মাঠে ফাইনাল খেলায় তারা ১-0 গোলে অম্পিনগর স্কুলকে হারিয়ে দেয়| নতুন দিল্লিতে অনুষ্ঠিতব্য জাতীয় স্তরের এই আসরে প্রতিনিধিত্ব করবে ত্রিপুরা স্পোর্টস স্কুল।

*******************

**Junior Football :**

মধ্যপ্রদেশের বালাঘাটে আয়োজিত ডা. বি সি রায় ট্রফি জাতীয় জুনিয়র ফুটবল প্রতিযোগিতার তৃতীয় তথা শেষ ম্যাচে আজ ত্রিপুরা জয়লাভ করেছে। রাজ্যদল ৮-৪ গোলে আন্দামান ও নিকোবরকে পরাজিত করে। এর আগে প্রথম ম্যাচে উত্তরপ্রদেশ কাছে হারলেও রাজ্যদল দ্বিতীয় ম্যাচে হিমাচল প্রদেশকে হারিয়েছিল। দুই ম্যাচে জয় পেলেও গ্রুপের রানার্স হয়ে রাজ্যদল বিদায় নেয়।

**********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায়  পশ্চিম জেলা, সিপাহীজলা, খোয়াই, গোমতী ও দক্ষিণ জেলার দু একটি জায়গায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা  জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি

সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৫ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ৬.৪ মিলিমিটার।

********************